



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

আইন-২ শাখা

বাংলাদেশ সচিবালয়, ঢাকা

www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.০৮.০০৭.২০.১১২

তারিখ: ২৫ কার্তিক ১৪২৮

১০ নভেম্বর ২০২১

বিষয়: বরিশাল জেলার সদর উপজেলাধীন রূপাতলী জাগুয়া কলেজের বিজ্ঞান শাখার গণিত বিষয়ের প্রভাষক সমর কুমার সিকদারের বকেয়া বেতন ভাতাদি ছাড়করণ।

সূত্র: ১। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৩৭.০২.০০০০.১১১.৩৩.৪৬৮.১৬-৪৭/৩

তারিখ-২৩.০১.২০২১খ্রি।

২। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৭জি-২৫৫(ক-৩)/২০১০/১০০১ তারিখ-২৭.০৬.২০২১খ্রি।

উপর্যুক্ত বিষয় পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বরিশাল জেলার সদর উপজেলাধীন রূপাতলী জাগুয়া কলেজের ২০১২ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় বিজ্ঞান শাখার ফলাফল সন্তোষজনক না হওয়ার কারণে বিজ্ঞান বিভাগের প্রভাষকের বেতন-ভাতা স্থগিত করা হয়। বেতন-ভাতা সরকারি অংশ স্থগিতকরণের বিরুদ্ধে জনাব সমর কুমার সিকদার, প্রভাষক (গনিত) মহামান্য হাইকোর্টের রীট পিটিশন নং ১৩৯৬১/২০১৬ মামলা দায়ের করেন। মহামান্য হাইকোর্ট বিভাগ রিট পিটিশন নং-১৩৯৬১/২০১৬ মামলায় বিগত ১৬/০৫/২০১৮ তারিখে রায় ও আদেশ প্রদান করেন। যা নিম্নরূপ;

“In the result, the Rule is disposed of. The respondents are directed to release the government portion of salary, Monthly Pay Order (M.P.O) of the petitioner with arrear and other service benefit, if any within 1 (one) month on receipt of this judgment and order without any fail”.

মহামান্য আদালতের রায় অনুযায়ী পিটিশনারের বেতন-ভাতা বকেয়াসহ প্রদানের জন্য বিবাদীগণকে নির্দেশ প্রদান করা হয়। মহামান্য হাইকোর্ট বিভাগ রিট পিটিশন নং-১৩৯৬১/২০১৬ মামলার রায়ের বিরুদ্ধে সরকার পক্ষ আপিল নং-৩৮০/২০১৯ দায়ের করেন। মহামান্য সুপ্রিম কোর্ট বিভাগের আপিল নং-৩৮০/২০১৯ মামলার নিম্নরূপ রায় প্রদান করে ;

“The leave petition is out of time by 262 day but the explanation offered seeking condonation of delay is not at all satisfactory.

Accordingly, the Civil Petition for leave to Appeal is dismissed as barred by limitation.”

এমতাবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগের রায়, মহামান্য সুপ্রিম কোর্টের আপিল বিভাগের রায় এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের বিজ্ঞ আইন উপদেষ্টার মতামতের আলোকে বরিশাল জেলার সদর উপজেলাধীন রূপাতলী জাগুয়া কলেজের, গণিত, প্রভাষক সমর কুমার সিকদার, ইনডেক্স নং ৩০১১১৬ এর বকেয়া বেতন ভাতাদি (সেপ্টেম্বর/২০১৩ হইতে অক্টোবর/২০২০) সরকারি অংশ ছাড়করণের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পুনরায় নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামোতাবেক।

১০-১১-২০২১
মোৎ সেলিম সিকদার
সহকারী সচিব

মহাপরিচালক
মহাপরিচালকের দপ্তর
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.০৮.০০৭.২০.১১২/১(৫)

তারিখ: ২৫ কার্তিক ১৪২৮
১০ নভেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিনিয়র সিটেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৪) অধ্যক্ষ, রূপাতলী জাগুয়া কলেজ, সদর, বরিশাল।
- ৫) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

১০-১১-২০২১
মোৎ সেলিম সিকদার
সহকারী সচিব